দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 JUL 2008 ...
পৃষ্ঠা - ১৬ কলাম ... ৪ ...

সিলেট বোর্ডের ৪৭ স্কুলের একাডেমিক স্বীকৃতি বাতিল

॥ সিলেট অফিস ॥

গত বছরের এসএসসি পরীক্ষায় খারাপ ফলাফলের জন্য সিলেট বোর্ডের আওতাধীন চার জেলার ৪৭টি মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক স্বীকৃতি বাতিল করা হয়েছে। পাশাপাশি এবারের পরীক্ষায় শতকরা ২০ ভাগের কম পাস করেছে এরকম স্কুলগুলোর বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিস পাঠানো হচ্ছে। বোর্ডসূত্রে জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয় দুইটি পর্যায়ে ৪৭টি স্কুলের একাডেমিক স্বীকৃতি বাতিলের নির্দেশ জারি করেছে। ২০০৭ সালের এসএসসি পরীক্ষায় ৫ জনের কম পরীক্ষার্থী উত্তীর্ণ হওয়ার ব্যাপারে কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় ২৬টি স্কুলের এবং ২১টি স্কুলকে ২০০৭ সালের এসএসসি পরীক্ষায় ৫ জনের কম পরীক্ষার্থী উত্তীর্ণ হওয়ার ব্যাপারে শোকজের জবাব না দেয়ায় একাডেমিক স্বীকৃতি বাতিল করা হয়েছে। বোর্ডসূত্র জানায়, স্বীকৃতি বাতিল হওয়া স্কুলগুলো সরকারি (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

সিলেট বোর্ডের

(১৬শ পৃঃ পর)

কোনো আর্থিক সুবিধা পাবে না। এ ব্যাপারে সিলেট বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. এএসএম আব্দুল খালেক বলেন, স্বীকৃতি বাতিলের সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয়ের। তবে এবারের পরীক্ষায় খারাপ ফলাফল অর্জনকারী স্কুলগুলোকে আরেকবার সুযোগ দেয়ার জন্য বোর্ড সুপারিশ করবে বলে তিনি জানান।

একাডেমিক স্বীকৃতি বাতিল হওয়া স্কুলগুলো হলো সিলেটের বিয়ানীবাজার উপজেলার সপ্তগ্রাম হাইস্কুল, সৈয়দ ফারহানা হোসেন হাইস্কুল, বিশ্বনাথের শহীদ মিয়াউর রহমান হাইস্কুল, সৎপুর হাইস্কুল, তাহির আলী হাইস্কুল, গোয়াইনঘাটের বাঘের সড়ক হাইস্কুল, সালাম মকবুল হাইস্কুল, কোম্পানীগঞ্জের কেনবাড়ি হাইস্কুল, কানাইঘাটের সুলাই আদর্শ হাইস্কুল, সুরাইঘাট হাইস্কুল, সদর উপজেলার ইকরা আইডিয়াল হাইস্কুল, বিবিদইল গার্লস হাইস্কুল, জকিগঞ্জ গার্লস হাইস্কুল, আব্দুর রাজ্জাক কমিউনিটি বিদ্যানিকেতন, হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলার শাহজালাল মাধ্যমিক বিদ্যালয় ও লাখাইর ভবানীপুর হাইস্কুল, বানিয়াচং উপজেলার জে.ডি.এম হাইস্কুল ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হাইস্কুল, মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলার ইউনাইটেড হাইস্কুল, টিকাহালি হাইস্কুল, কেছরিগুল হাইস্কুল, কানশাইল হাকালুকি গার্লস হাইস্কুল, কমলগঞ্জের আব্দুল মছবির একাডেমি, বাউরবাগ রমিজ উদ্দিন হাইস্কুল, রায়পুর হাইস্কুল, রাজনগরের সান্তকুল হাইস্কুল, কুলাউড়া উপজেলার নবীগঞ্জ আদর্শ হাইস্কুল, রাজনগর হাইস্কুল, রাজনা কুলী হাইস্কুল, শ্রীমঙ্গলের বিশ্বমনি হাইস্কুল, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার চরমহল্লা বাজার হাইস্কুল, হাজী জামাল উদ্দিন হাইস্কুল, জালালাবাদ হাই স্কুল, জহিদপুর হাইস্কুল, হায়দারপুর হাইস্কুল, ধর্মপাশার চামারধানী হাইস্কুল, দোয়ারাবাজারের মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন হেলাল বছক হাইস্কুল, জগন্নাথপুরের আব্দুস সুবহান হাইস্কুল, লামাটুকের বাজার হাইস্কুল, হাফিজ আলী হাইস্কুল, রসুলগঞ্জ আব্দুল কবির-মেহেরুননেছা পাবলিক হাইস্কুল, শাল্লার সদর শ্রী হাইস্কুল, মাহমুদনগর হাইস্কুল, বিশ্বম্ভরপুর উপজেলার জনতা হাইস্কুল এবং দিরাই উপজেলার আলহাজ্ব আব্দুল মুতলিব হাইস্কুল।

এছাড়া ২০০৮ সালের এসএসসি পরীক্ষায় শতকরা ২০ ভাগ ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হতে পারেনি এমন ২০টি স্কুলের বিরুদ্ধে বোর্ড কারণ দর্শানো নোটিস পাঠাচ্ছে। স্কুলগুলো হলো সিলেট জেলার কানাইঘাট উপজেলার বড়চতুল হাইস্কুল, বিশ্বনাথের বিএমসি একাডেমি, বালাগঞ্জের পালিমপুর নূরুননেছা খানম হাইস্কুল, বাঙ্গালাবাজার সামরুন নেছা হাইস্কুল, ফেঞ্চুগঞ্জের মানিক কোনা হাইস্কুল, হবিগঞ্জ জেলার সদর উপজেলার গম্বানগর হাইস্কুল, বানিয়াচং-এর সাতগ্রাম একতা হাইস্কুল, চুনারুঘাটের সুবহে সাদেক হাইস্কুল, বাহুবলের ফাইজাবাদ হাইস্কুল, মৌলভীবাজারের জুড়ি উপজেলার কচুরগুল হাইস্কুল, সদর উপজেলার মিলনপুর হাইস্কুল, শ্রীমঙ্গলের হাজী রশীদ মিয়া মেহেরজান হাইস্কুল, বড়লেখার মাইজগ্রাম হাইস্কুল, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার আলমগীর মডেল হাইস্কুল, জগন্নাথপুরের চিলাউড়া হাইস্কুল, বিশ্বম্ভরপুর গার্লস হাইস্কুল, অরুণ উদয় গার্লস হাইস্কুল, আহমদ ইকবাল মেমোরিয়াল হাইস্কুল, সামসুদ্দিন সিকদার হাইস্কুল ও রাজানগর কৃষ্ণচন্দ্র পাবলিক সেকেন্ডারি স্কুল।